# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৫৮

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ স্বর্ণ ও পুঁতি খচিত মালা ক্রয় করা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي شِرَاءِ الْقِلاَدَةِ وَفِيهَا ذَهَبٌ وَخَرَزٌ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ أَبِي شُجَاعٍ، سَعِيدِ بْنِ يَزِيدَ عَنْ خَالِدِ بْنِ أَبِي عِمْرَانَ، عَنْ حَنَشٍ الصَّنْعَانِيِّ، عَنْ فَضَالَةَ بْنِ عُبَيْدٍ، قَالَ اشْتَرَيْتُ يَوْمَ خَيْبَرَ قِلاَدَةً بِاثْنَىْ عَشَرَ دِينَارًا فِيهَا ذَهَبٌ وَخَرَزٌ فَفَصَّلْتُهَا فَوَجَدْتُ فِيهَا أَكْثَرَ مِنِ اثْنَىْ عَشَرَ دِينَارًا فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " لاَ تُبَاعُ حَتَّى تُفَصَّلَ " .
حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ أَبِي شُجَاعٍ، سَعِيدِ بْنِ يَزِيدَ بِهَذَا الإِسْنَادِ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لَمْ يَرَوْا أَنْ يُبَاعَ السَّيْفُ مُحَلًّى أَوْ مِنْطَقَةٌ مُفَضَّضَةٌ أَوْ مِثْلُ هَذَا بِدَرَاهِمَ حَتَّى يُمَيَّزَ وَيُفَصَّلَ . وَهُوَ قَوْلُ ابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَدْ رَخَّصَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِي ذَلِكَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ .

বাংলা

১২৫৮. কুতায়বা (রহঃ) ...... ফাযলা ইবনু উবায়দ রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণিত, তিনি বলেন, খায়বার যুদ্ধের সময় আমি বার দ্বীনারে একটি মালা ক্রয় করি। এতে স্বর্ণ ও পুতি ছিল। তখন আমি এটির স্বর্ণ ও পুতি আলাদা করি। এতে বার দ্বীনার অপেক্ষা অধিক স্বর্ণ পেলাম। অনন্তর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে তা উল্লেখ করলাম। তিনি তখন বললেন, (স্বর্ণ) আলাদা না করা পর্যন্ত এই ধরণের মালা বিক্রি করা যাবে না। - তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫৫ [আল মাদানী প্রকাশনী]

কুতায়বা (রহঃ) আবূ শুজা, সাঈদ ইবনু ইয়াযিদ (রহঃ) থেকে এই সনদে অনুরূপ মর্মে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সাহীহ। কতক সাহাবী ও অপরাপর আলিম এই হাদীস অনুসারে আমল করেছেন। তারা বলেন, রূপা আলাদা না করা পর্যন্ত রৌপ্য খচিত তরবারী বা রৌপ্য খচিত কোমরবন্ধ বা

অনুরূপ কোন জ্বীনিষ দিরহাম (রৌপ্য মুদ্রা)-এর বিনিময়ে বিক্রি করা যাবে না। এ হলো ইবনু মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। কতক সাহাবী ও অপরাপর আলিম এই বিষয়ে অবকাশ রেখেছেন।

## English

Narrated Fadalah bin 'Ubaidah:

"On the Day of Khaibar I purchased a necklace that contained gold and jewels for twelve Dinar. I separated it and found that it was worth more than twelve Dinar. I mentioned that to the Prophet (ﷺ) and he said: 'Do not sell it until it is separated.'"

Another chain of narration with similar meaning.

[Abu 'Eisa said:
] This Hadith is Hasan Sahih. This is acted upon according to some of the people of knowledge among the Companions of the Prophet (ﷺ) and others. They did not think that an embellished (silver-gilded) sword could be sold for Dirham, nor a silver-plated waist-band, or something similar, until it (the silver) was distinguished and separated. This is the view of Ibn al-Mubarak, Ash-Shafi'i, Ahmad and Ishaq.

Some of the people of knowledge, among the Companions of the Prophet (ﷺ) and others, permitted that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18450

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন